

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩০৫.১৯/৪০০০/৬)

তারিখ: ২২/১০/২০১৯ খ্রি।

বিষয়: বয়স ৬০(ষাট) বছর পূর্ণ হওয়ায় জ্যেষ্ঠ শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর।

সূত্র: জনাব মো: এনামুল হক, সহকারী অধ্যাপক কর্তৃক দাখিলকৃত ১০-০৭-২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন কেশবপুর কলেজ(সদ্য জাতীয়করণকৃত) জাতীয়করণে জন্য স্থাবর অস্থাবর সম্পত্তি ১৬/০৫/২০১৭ তারিখে ডিডি অব গিফট সম্পন্ন হওয়ার পর ১৯/০৬/২০১৭খ্রি. তারিখে জ্যেষ্ঠতা লক্ষণ করে ১০তম শিক্ষক জনাব মো: এনায়েত হোসেন, প্রভাষক (ভূগোল ও পরিবেশ) কে কলেজটির ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে মর্মে সুত্রোক্ত আবেদন দাখিল করা হয়।

জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ মোতাবেক “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠান প্রধান/সহ.প্রধান/শিক্ষক-কর্মচারীদের কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০. ২০১৮-১৮৩১ স্মারক পত্রে ৬০ বছর হওয়ার পর জ্যেষ্ঠ শিক্ষককে দায়িত্ব হস্তান্তরের নির্দেশ প্রদান করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, তারিখ: ০৯/০৭/২০১২খ্রি. মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ অনুচ্ছেদ মোতাবেক জ্যেষ্ঠ শিক্ষক দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা মোতাবেক অধ্যক্ষের ৬০ বছর পূর্ণ হওয়ায় পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জ্যেষ্ঠ শিক্ষককে অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর  
২২.১০.১৭

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: [ncollege@dshe.gov.bd](mailto:ncollege@dshe.gov.bd)

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

কেশবপুর কলেজ, কেশবপুর, যশোর।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৪। উপজেলা মাধ্যমিক অফিসার, কেশবপুর, যশোর।
- ৫। জনাব মো: এনামুল হক, সহকারী অধ্যাপক(রসায়ন), কেশবপুর কলেজ, কেশবপুর, যশোর।
- ৬। সংরক্ষণ নথি।